

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমবায় কার্যালয়  
শাল্লা, সুনামগঞ্জ।

স্মারক নং ৪৭.৬১.৯০৮৬.০০০.৪০.০৫১.২১.১২৭


তারিখ : ০৪.০৪.২০২৩ খ্রি.

বিষয় : শাল্লা উপজেলার নিবন্ধিত সকল সমবায় সমিতির সদস্যদের জেলে নিবন্ধনকরণ প্রসঙ্গে।

সূত্র : উপজেলা পরিষদ, শাল্লা, সুনামগঞ্জ এর ৩০.০৩.২০২৩ খ্রি. তারিখের সাধারণ সভার আলোচনা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানাচ্ছি যে, মৎস্য অধিদপ্তর হতে প্রকল্পের আওতায় মৎস্যজীবীদের জেলে নিবন্ধন করা হতো ও নিবন্ধিত জেলেদের জেলে নিবন্ধন কার্ড প্রদান করা হতো। উপজেলা পরিষদ, শাল্লা, সুনামগঞ্জ এর ৩০.০৩.২০২৩ খ্রি. তারিখের সাধারণ সভায় উপজেলা মৎস্য কর্মকর্তা, শাল্লা, সুনামগঞ্জ জানিয়েছেন যে, বর্তমানে জেলে নিবন্ধন মৎস্য অধিদপ্তরের একটি নিয়মিত কাজ হিসেবে গৃহিত হয়েছে ও প্রতি বছর নিয়মিতভাবে প্রকৃত মৎস্যজীবীদের জেলে নিবন্ধন করা হবে ও কার্ড প্রদান করা হবে। উক্ত সভায় এ উপজেলার নিবন্ধিত সকল মৎস্যজীবী সমবায় সমিতির সদস্যদের জেলে নিবন্ধনের আওতায় নিয়ে আসার বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর প্রস্তাবে উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়গণ একমত প্রকাশ করায়, উপজেলা মৎস্য কর্মকর্তা সম্মতি প্রদান করেছেন।

বর্ণিত প্রেক্ষিতে শাল্লা উপজেলার নিবন্ধিত সকল মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃপক্ষকে জানানো যাচ্ছে যে, তাদের সমিতির যে সকল সদস্যের জেলে নিবন্ধন হয়নি, তাদের প্রত্যেককে দু'কপি পাসপোর্ট সাইজ ছবি, ভোটার আইডি কার্ডের ছায়ালিপি ও মোবাইল নম্বরসহ উপজেলা মৎস্য কর্মকর্তা, শাল্লা, সুনামগঞ্জ বরাবরে লিখিত আবেদন করতে হবে। জেলে নিবন্ধন সম্পন্ন হলে জলমহাল ইজারায় অংশগ্রহণে আর কোন জটিলতা থাকবে না।

  
(হিরন্ময় রায়) ৪.৪.২৩

উপজেলা সমবায় অফিসার  
শাল্লা, সুনামগঞ্জ।  
ফোন : ০৮৭২৯-৫৬০২২

সভাপতি/ সম্পাদক

.....

মৎস্যজীবী সমবায় সমিতি লি: (সকল সমিতি)

গ্রাম : .....

পো : .....

উপজেলা : শাল্লা, জেলা : সুনামগঞ্জ।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে-

১। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট।

২। উপজেলা নির্বাহী অফিসার, শাল্লা, সুনামগঞ্জ।

২। জেলা সমবায় অফিসার, সুনামগঞ্জ।